

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
জিজ্ঞেস করতেন “মারইয়াম!
কোথা থেকে এসব তোমার কাছে
এলো?” তিনি বলতেন, “এসব
আল্লাহর নিকট থেকে আসে।
সূরা আল ইমরান ৩৭

দৈনিক কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
শ্রীশ্রী সিমেন্ট
ইস্রাইলের মজবুত দেয়াল
সেবা : ০২৯১০০৬৬৬০৪, ০২৯১০০২৭৭০৪

বরিশাল ২২ মঙ্গলবার ২০৫ মে ২০২৬ ২৬ জিলকুদ ১৪৪৭ ২২ বৈশাখ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৪২ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা



রোহিঙ্গা সংকটে ওআইসিকে সক্রিয় হওয়ার আহ্বান স্পিকারের
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে ২ এর পাতায় দেখুন



জঙ্গিবাদ নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে সেটাই শুনতে হবে
কীর্তনখোলা ডেস্ক
জঙ্গিবাদ নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে সেটাই শুনতে হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ২ এর পাতায় দেখুন



তিন ধাপে নতুন বেতন কাঠামো ১ জুলাই থেকে আংশিক বাস্তবায়নের পরিকল্পনা
কীর্তনখোলা ডেস্ক
সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রস্তাবিত নতুন বেতনকাঠামোর আংশিক বাস্তবায়ন শুরু হতে পারে ২০২৬-২৭ অর্থবছরের ২ এর পাতায় দেখুন



সংসদের প্রথম অধিবেশন ব্যর্থ হয়েছে : নাহিদ ইসলাম
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের প্রথম অধিবেশন ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। ২ এর পাতায় দেখুন

বরিশাল শিশু হাসপাতাল ৭ বছরেও কাটেনি নির্মাণজট ঝুঁকছে চিকিৎসাসেবা



কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল শিশু হাসপাতাল মেডিকেল কলেজ হাসপাতাল আর জেনারেল হাসপাতালের আওতাধীন শিশু ওয়ার্ডে প্রতিদিনই বাড়ছে বিভিন্ন রোগে আক্রান্ত শিশুদের সংখ্যা। শয্যা সংকটে এক বিছানায় দুই শিশু, এমনকি জায়গা না পেয়ে মেঝেতে চলেছে অসুস্থ শিশুদের চিকিৎসা। সেবা দিতে গিয়েও হিমশিম খাচ্ছেন চিকিৎসক ও নার্সরা। অথচ এই চিত্র বদলানোর কথা ছিল আরও সাত বছর আগেই। বরিশাল মহানগরীর আমানতগঞ্জ নির্মিত ২০০ শয্যার বিশেষায়িত শিশু হাসপাতালটি আজও আলোর মুখ দেখেনি। দফায় দফায় সমস্যা বাড়লেও গণপূর্ত ও স্বাস্থ্য বিভাগের রশি টানাটিনিতে প্রকৃষ্টি এখন শুধুই এক বিশাল কংক্রিটের স্থাপনা। ৭ বছরেও কাটেনি বরিশাল শিশু হাসপাতালের নির্মাণজট, ঝুঁকছে চিকিৎসা সেবা গণপূর্ত অধিদপ্তর বরিশাল জেলা কার্যালয় সূত্রে জানা গেছে, ২০১৭ সালের ১৩ ফেব্রুয়ারি ১০ তলা ভিত্তির ওপর প্রাথমিকভাবে শিশু হাসপাতালটির চারতলা ভবন নির্মাণের কাজ শুরু হয়েছিল। সাড়ে ১৯ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা ছিল ২০১৯ সালে। কিন্তু নির্ধারিত সময় পার হওয়ার পর আরও সাত বছর কেটে গেলেও আলোর মুখ দেখেনি হাসপাতালটি। যদিও গণপূর্ত বিভাগ বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. ফয়সাল আলম বলেন, 'ভবনের অবকাঠামোগত নির্মাণকাজসহ বৈদ্যুতিক সাব-স্টেশনও বসানো হয়েছে। ভবনটি ২ এর পাতায় দেখুন



গৌরনদীতে সাবেক ইউপি চেয়ারম্যানের মৃত্যুতে তথ্য মন্ত্রীর শোক
গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদী উপজেলার বাথী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান, উপজেলা স্বাস্থ্যসেবকদের সাবেক মুখ্য আহ্বায়ক ও ভাসার সরকারি মহিলা কলেজের ইংরেজী প্রভাষক মোঃ ফকরুল আলম মিয়া (৫২) ক্যান্সারে আক্রান্ত হয়ে রোববার রাতে নিজ বাড়ি উপজেলার কটকটুল গ্রামে ইন্তেকাল করেছেন (ইম্মালিল্লাহি ওয়া ইলাইহী রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, ভাই, বোন সহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে গেছেন। সোমবার সকালে মরহুমের নামাজে জানাযা শেষে পারিবারিক গোরস্থানে দাফন করা হয়েছে। তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোকহত পরিবারবর্গকে গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন (এমপি), মাদারীপুর-৩ আসনের সসদ সদস্য অনিবার্হ রহমান খোকন ২ এর পাতায় দেখুন



পাঁচমাসেও উদ্ধার হয়নি আগ্নেয়াস্ত্র, গ্রেফতার নেই নগরীতে প্রকাশ্যে গুলি চালানো সন্ত্রাসীরা ফিরছে স্বরূপে
বিশেষ প্রতিবেদক
বরিশাল নগরীর খালেদাবাদ রিফিউজি কলোনীতে আধিপত্য বিস্তার নিয়ে দু'দল সন্ত্রাসীর মধ্যে আওয়াজ উঠিয়ে ধাওয়া পাট্টাখাওয়ার ঘটনার পাঁচ মাস পেরিয়ে গেলেও আজ পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। একইসাথে উদ্ধারও হয়নি প্রদর্শন করা তিনটি আগ্নেয়াস্ত্র। এপ্রকল্পে দীর্ঘদিন ২ এর পাতায় দেখুন

শত শত শিশুদের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাঙালি জাদুঘর ও ব্যাকরণবিদের বরিশাল সরকারি একমহল কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রণয়নের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিখ্যাত প্রধান পরীক্ষক, সরকারি আশুতোষবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুলভশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা	ইসলামিয়া লাইব্রেরি	অব্জুর লাইব্রেরি	অব্জুর লাইব্রেরি
সরকারি রোড, বরিশাল 01932-314219	শাহরুল্লাহ, পল্লী এলাকা, বরিশাল 01711-264963	সরকারি রোড, বরিশাল 01708-868515	সরকারি রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি	নিউ মাহবুব লাইব্রেরি	রহমান বুক হাউজ	মজুমদার লাইব্রেরি
সরকারি রোড, বরিশাল 01711-047767	সরকারি রোড, বরিশাল 01763-107720	পাট্টাখাওয়ার রোড, বরিশাল 01718-670945	মুন্সিরাবাদ রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি	নিউ কলেজ লাইব্রেরি	হুক লাইব্রেরি	আশরাফিয়া লাইব্রেরি
বই-১ নং রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ, বরিশাল 01726-074663	হুক, বরিশাল 01724-851658	বিএনপি রোড, বরিশাল 01717-488083

পশ্চিমবঙ্গে বড় জয়ের পথে বিজেপি, এগিয়ে ১৯২ আসনে
কীর্তনখোলা ডেস্ক
পশ্চিমবঙ্গ বিধানসভার ২৯৩টি আসনের মধ্যে ১৯২টিতেই এগিয়ে আছে বিজেপি; নিকটতম প্রতিদ্বন্দ্বী তৃণমূল এগিয়ে আছে ৯৫টি আসনে। এছাড়া একটি আসনে এগিয়ে আছে বামপন্থি সিপিএম এবং ৫ টি আসনে অন্যান্য প্রার্থীরা। পশ্চিমবঙ্গ বিধানসভায় মোট আসনসংখ্যা ২৯৪টি। গত ২৩ এবং ২৯ এপ্রিল দুই দফায় হয়েছে পশ্চিমবঙ্গ বিধানসভার ভোটিং। সোমবার সবগুলো আসনের ফলপ্রকাশের নির্ধারিত দিন ছিল, কিন্তু দক্ষিণ ২৪ পরগনার ২ এর পাতায় দেখুন

মনপুরা প্রতিনিধি জাতীয় জরুরি সেবা নম্বর '৯৯৯'-এ কল পেয়ে ভোলায় মনপুরায় মেঘনা নদীতে ইঞ্জিন বিকল হয়ে ভাসতে থাকা একটি বোটসহ ১২ যাত্রীকে উদ্ধার করেছে কোস্টগার্ড।
এক অভিযানের মাধ্যমে তাদের নিরাপদে উপকূল ফিরিয়ে আনা হয়। কোস্টগার্ড সূত্রে জানা গেছে, রোববার বিকেল ৩টার দিকে মনপুরা ধানার মেঘনা নদীতে একটি যাত্রীবাহী কাঠের বোট ১২ জন যাত্রী নিয়ে যাচ্ছিল। মাঝনদীতে গৌড়ালে গ্রবল বাতাসের কবলে পড়ে বোটটির ২ এর পাতায় দেখুন

বরিশালে 'কৃষি প্রযুক্তি ও পুষ্টিমেলা' উদ্বোধন
কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে 'কৃষি প্রযুক্তি ও পুষ্টিমেলা ২০২৬' উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে নগরীর বগুড়া রোডে খামারবাড়ি চত্বরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে এ মেলা উদ্বোধন করা হয়। সিটি প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন মেলায় উদ্বোধন করেন এবং কৃষকদের মাঝে উন্নত জাতের গাছের চারা বিতরণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, দেশের খাদ্য ২ এর পাতায় দেখুন



বরিশালে স্বাভাবিকের চেয়ে ১৬৯ ভাগ বেশি বৃষ্টিপাত লক্ষ্যধিক হেক্টর জমির ফসল পানির তলায়
কীর্তনখোলা রিপোর্ট
এপ্রিলজুড়ে স্বাভাবিকের চেয়ে ১৬৯ শতাংশ বেশি বৃষ্টিপাতে বরিশালের কৃষি ব্যবস্থা লুপ্ত হওয়ার উপক্রম হয়েছে। বরিশাল কৃষি অঞ্চলের মাঠে থাকা ৫ লাখ ৫৭ হাজার হেক্টর জমিতে বোরো ধানসহ বিভিন্ন ধরনের ফসলের মধ্যে ইতোমধ্যে ১ লাখ ১১ হাজার হেক্টর জমির ফসল অতিবৃষ্টি ও জোয়ারের পানিতে আক্রান্ত হয়েছে বলে দায়িত্বশীল সূত্রে জানা গেছে। অথচ টানা ১২৭ দিন পর ৯ মার্চ বরিশালে মৌসুমের প্রথম বৃষ্টির দেখা মিললেও পুরো মাসজুড়ে বৃষ্টিপাতের ঘাটতি ছিল ৪৯ শতাংশ। এমনকি আবহাওয়া বিভাগের দীর্ঘমেয়াদি সূচীতেও এপ্রিলে বরিশালে ১২০১৪০ মিলিমিটার বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হলেও ২০ এপ্রিল দুপুর পর্যন্ত বৃষ্টি হয়েছিল মাত্র ৩১ মিলিমিটার। ২ এর পাতায় দেখুন



বাউফলে যাত্রীবাহী বাস খাদে, নিহত ১
বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফল উপজেলায় নিয়ন্ত্রণ হারিয়ে একটি যাত্রীবাহী বাস খাদে পড়ে একজন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। রোববার রাত্রে উপজেলার সদর ইউনিয়নের আফসার গ্যারেজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় বাসটির সূপারভাইজার নিহত হয়েছেন বলে জানা গেছে। তিনি ২ এর পাতায় দেখুন



নগরীতে একদিনের ব্যবধানে দুই শিক্ষার্থী নিখোঁজ
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে একদিনের ব্যবধানে দুই স্কুল শিক্ষার্থী রহস্যজনকভাবে নিখোঁজ হওয়ার ঘটনায় চরম উদ্বেগ ও উৎকণ্ঠা ছড়িয়ে পরেছে। নিখোঁজ দুই শিক্ষার্থী হলো-এ.আর.এস স্কুলের অষ্টম শ্রেণির শিক্ষার্থী মুনীয়া আক্তার এবং ২ এর পাতায় দেখুন

ভোলায় ইংরেজি পরীক্ষা খারাপ হওয়ায় এসএসসি পরীক্ষার্থীর আত্মহত্যা
ভোলা প্রতিনিধি
ভোলায় ইংরেজি পরীক্ষা খারাপ হওয়ায় তৈর্যাবা জাহান চৈতি (১৬) নামের এক এসএসসি পরীক্ষার্থী আত্মহত্যা করেছেন। সোমবার (০৪ মে) সকালে ভোলা শহরের পৌর ২ নম্বর ওয়ার্ডের অফিসার পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহত চৈতি পুলিশ কনস্টেবল শাহাবুদ্দিন ফকির মেয়ে। সে মাসুমা খানম স্কুলের বিজ্ঞান বিভাগের এবারের এসএসসি পরীক্ষার্থী ছিলেন। তার গ্রামের বাড়ি বরিশালের গৌরনদীতে। সে বাবা-মায়ের সঙ্গে ১০ বছর ধরে ভাড়া বাসায় বসবাস করতেন। জানা গেছে, সোমবার সকালে পাণ্ডাশ মাছ খাওয়ার বায়না করে তার মা'কে বাজারে পাঠান চৈতি। এরপর ঘরের দরজা লাগিয়ে ফ্যানের সঙ্গে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। পরে তার মা বাজার থেকে ফিরে এসে কোন সাড়াশব্দ না পেয়ে দরজা ভেঙে ভেতরে ঢুকে মেয়ের অলস্ত মরদেহ দেখতে ২ এর পাতায় দেখুন



হাম ও নিউমোনিয়া যুদ্ধে হেরে গেল আয়মান
দুমকি প্রতিনিধি
অবশেষে থেমে গেল ছোট আয়মানের জীবনযুদ্ধ। হাম ও নিউমোনিয়ার সঙ্গে দীর্ঘ লড়াই শেষে না ফেরার দেশে পাড়ি জমালো মাত্র সাড়ে ৬ মাস বয়সী এই নিম্পাপ শিশু। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে পরিবারসহ পুরো এলাকায়। জানা গেছে, আয়মান পটুয়াখালীর দুমকি উপজেলার বাসিন্দা প্রবাসী আবু তালেবের ছেলে। তার বাবা সৌদি আরবে কর্মরত এবং মা লালিয়া সন্তানকে নিয়ে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বারুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফসল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্মদাকীয় সুরক্ষাবলয় তৈরি করা জরুরি

দেশের অর্থনীতির চাকা ঠিকমতো চলছে না। নতুন বিনিয়োগ নেই। উৎপাদন বায় বৃদ্ধি। শিল্প ও কৃষি উভয় খাতই ধুকছে। অপরিহার্য নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির পাশাপাশি পাষ্ট্রা দিয়ে বেড়ে চলছে স্কুল-কলেজের ফি, চিকিৎসা ব্যয়, যাতায়াত ভাড়াসহ সামগ্রিক জীবনযাত্রার খরচ। মানুষের আয় না বাড়লেও ব্যয় বেড়েছে অনেক। জনস্বাস্থ্যটির একটি বড় অংশ স্বপ্নায়ত্ত হয়ে পড়েছে। তারা ভবিষ্যতের জন্য রাখা সামান্য সঞ্চয় ভেঙে নিতাদিনের খরচা মেটাচ্ছে। প্রকাশিত প্রতিবেদনে এই উদ্বেগজনক চিত্র উঠে এসেছে। বিশেষকর মাগে করেন, একটি দেশের অর্থনীতিতে মধ্যবিত্ত শ্রেণির গুরুত্ব অপরিহার্য। তারাই দেশের অর্থনীতিকে মজবুত ভিতের ওপর দাঁড় করাতে সহায়তা করে। নিম্নমিত কর দেয়, সঞ্চয় করে, অব্যার নতুন নতুন পণ্য ক্রয়ের মধ্য দিয়ে বাজারে চাহিদাও তৈরি করে। এ কারণে দেখা যায়, বিভিন্ন দেশে মধ্যবিত্ত শ্রেণিকে সুরক্ষায় সুনির্দিষ্ট নীতিমালা গ্রহণ করা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্যি যে বাংলাদেশে মধ্যবিত্তদের জন্য এখন পর্যন্ত এ ধরনের সুরক্ষাবলয় নেই, বরং প্রতিবছর বাজেটে মধ্যবিত্তের ওপর করের বোঝা ভারী করা হয়। বাংলাদেশে মধ্যবিত্তের মোট সংখ্যা সুনির্দিষ্ট না হলেও এই সংখ্যা তিন কোটির নিচে নয়, যা মোট জনগোষ্ঠীর প্রায় ২০ শতাংশ। বারোজন কর্মসিিিং গ্রুপের হিসাব অনুযায়ী, প্রতিবছর ২০ লাখ লোক নতুন করে মধ্যবিত্ত শ্রেণিতে বড় হচ্ছে। মধ্যবিত্ত শ্রেণির সংকটের বড় কারণ নির্দিষ্ট আয়। তার পরও নির্দিষ্ট মানিক আয় থেকে বাঁচিয়ে অল্প হলেও সঞ্চয়ের মানসিকতা থাকে তাদের। কিন্তু বর্তমান পরিস্থিতি অত্যন্ত দুঃখক, দেশেরো পিঠ ঠেকে গেছে। তাই বিপদ-আপদে ভরসার সঞ্চয়ও আর ধরে রাখা সম্ভব হচ্ছে না। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য বলছে, গত ছয় মাসে সঞ্চয়পত্র জ্ঞতার পরিমাণ ৩২ হাজার কোটি টাকা ছাড়িয়েছে। খবরে বলা হয়েছে, বর্তমানে উচ্চ মূল্যবাহীত্বের কারণে দেশের এক-তৃতীয়াংশ পরিবার এখন স্বর্ণপত্রই ধরে পড়েছে। দেখা যাচ্ছে, ২০২২ সালে একটি মধ্যবিত্ত পরিবারের মানিক গড় আয় ছিল ৪৫ হাজার ৫৭৮ টাকা, সেটি এখন প্রকৃত অর্থে দাঁড়িয়েছে ৪০ হাজার ৫৭৮ টাকায়। অর্থনীতি বিশ্লেষক ও শিল্পানিশািল এন্সিয়েল্লের লিমিটেডের চেয়ারম্যান মামুন রশীদ মনে করেন, দেশের অর্থনীতির টেকসই বৃদ্ধির পূর্বস্রষ্ট হলো মধ্যবিত্তের হাতে বাড়তি অর্থের প্রবাহ রাখা। বাজারে চাহিদা তৈরি ও নতুন পণ্যসেবার প্রসারে মধ্যবিত্ত শ্রেণি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসব কারণে বিভিন্ন দেশের সরকার নীতিনির্ধারণে মধ্যবিত্ত হাতে তুলনামূলক বেশি অর্থ রাখার বিষয়ে সচেতন থাকে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি এবং ইএস অর্থলিক ও আন্তর্জাতিক বিজ্ঞান ইন্স্টিটিউটের সভাপতি আলোচনা হয়। পিঙ্গার বলেন, বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে বিদ্যমান সম্পর্ক অত্যন্ত গভীর ও ভ্রাতৃত্বপূর্ণ। প্রতি বছর বাংলাদেশ থেকে সংখ্যা বান্ধয় পত্রের হজ পাঠানের জন্য বন্ধা ও মদিনায় যান। এই ধর্মীয় অভিজ্ঞতা দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা এবং দীর্ঘমেয়াদি বন্ধুত্বপূর্ণ সম্পর্কের আরও শক্তিশালী করে। দেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে সৌদির রইমুদুতকে জানান, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত নব্বিচতমের মাধ্যমে বাংলাদেশের গণতান্ত্রিক অখ্যাতা পুনরায় প্রতিষ্ঠিত হয়েছে। বিপত আওয়ামী সরকারের ১৬ বছরের শাসনামলে দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার বারবার ক্ষুণ্ণ হয়েছে। বৈঠকে তারা দুই দেশের সংসদীয় সম্পর্ক আরও জোরদার করতে সংসদীয় মৈত্রী গ্রুপ গঠনের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া বর্তমান ব্যাখ্যাচ্য সংকটে আমেরিকা ও ইরানের ভূমিকা নিয়ে উভয় পক্ষ মতবিনিময় করেন। বিশেষ করে রোহিঙ্গা সংকটে নিরসনে ওয়াশিং-কে আরও কার্যকরী ও জোরাসো ভূমিকা রাখার প্রস্তাব দেন পিঙ্গকার। সাক্ষ্যে অনুষ্ঠানে সৌদি দুতাবাসের প্রতিনিধিত্ব করেন মজলীস সংসদ সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

রাখার প্রয়োজন হতে পারে। প্রস্তাবিত কাঠামোর ১০০ থেকে ১৪০ শতাংশ পর্যন্ত বেতন বৃদ্ধির সুপারিশ করা হলেও বর্তমানের মতোই ২০টি শ্রেড বহাল রাখা হয়েছে। নতুন কাঠামোয় বার্নিন্স ও সর্বোচ্চ বেতনের অনুপাত ১:৮ নির্ধারণ করা হয়েছে, যা আগে ছিল ১:৯ দশমিক ৪। সর্বনিম্ন বেতন ৮ হাজার ২৫০ টাকা থেকে বাড়িয়ে ২০ হাজার টাকা এবং সর্বোচ্চ বেতন ৭৮ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ লাখ ৬০ হাজার টাকা করার প্রস্তাব রয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্য সচিব ও সিনিয়র সচিবদের জন্য বিদ্যমান ২০ ধাপের বাইরে আলাদা বেতনধাপ নির্ধারণের সুপারিশ করা হয়েছে, যা পরে প্রজ্ঞাপন আকারে জারি হতে পারে।

জঙ্গিবাদ নিয়ে সংশ্লিষ্ট

দেশে জঙ্গিবাদ থাকা না থাকা নিয়ে সরকারের পক্ষ থেকে দুই ধরনের বক্তব্যের পরিপ্রেক্ষিতে সোমবার (৪ মে) সচিবালয়ে তিনি এ কথা বলেন। বলপ্রয়োগে বাধ্যতায় মিয়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) সমন্বয়, ব্যবস্থাপনা ও আইনশৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটির প্রথম সভা শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। প্রধানমন্ত্রীর তত্ত্বা উপদেষ্টা জাহেদ উর রহমান বলেন, দেশে জঙ্গিবাদ আছে। তবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেনছেন তা নেই। একই বিষয়ে বক্তব্যের এই অমিল সম্পর্কে জানতে চাইলে সলাহউদ্দিন আহমদ বলেন, “আচ্ছা আমি কে?” জবাবে একজন “আপনি স্বরাষ্ট্রমন্ত্রী” বলতেই তিনি বলেন, “তা আমি যেটা বলব তা দিয়েছি হেঁচাই তো আনবারা ছাপিয়েছেন।” কিন্তু তখন উপদেষ্টা তো ভিন্ন কথা বলেছেন- এ বিষয়ে দুটি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, “সেটা উনি কীভাবে বলেছেন জানি না। হয়তো আপনাদের লেখার মধ্যেও মিস-ই-টাইপেটো (শুল ব্যাখ্যা) হয়ে যেতে পারে। কিন্তু যেটা ডিসিিন্সি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে সেটাই তো ভুলতে হবে।” এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, “মন্ত্রণালয়ের রটনি ফাংশন যেহেতো- নিয়োগ, বন্গলি, প্রমোশন, রিটার্নসমেন্ট- এগুলো সবই আইনানুগভাবে করা হয়েছে এবং আইনানুগ প্রক্রিয়া। এটা নতুন কোনো বিষয় নয়। আর পণ্ডিতদের প্রয়োজন হলে মন্ত্রণালয় পণ্ডিত জনক করতে পারে জ্ঞানপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের অনুমতি, অনুমোদন সাপেক্ষে। সেটা এখন যেখানে প্রয়োজন হয়ে আমরা করি। আর আমি বিষয়গুলো বুঝি স্বাভাবিক এবং রটনি বিসয়।” ব্যাখ্যামূলক অবসর দেওয়া কর্মকর্তাদের বিরুদ্ধে কোনো অভিযোগ ছিল কি না- জানতে চাইলে তিনি বলেন, ‘এগুলো ভিডিওটিমেট ব্যাচি-ব্যাচি করে নির্যাস করে।’

রোহিঙ্গা সংকটে ওআইসিকে

নিমুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জামর বিন আবিরায়। সোমবার (০৪ মে) অনুষ্ঠিত ওই সমাবেশে বিপাক্ষিক সম্পর্ক, সংসদীয় মৈত্রী গ্রুপ গঠন এবং আর্থলিক ও আন্তর্জাতিক বিজ্ঞান ইন্স্টিটিউটের বিস্তারিত আলোচনা হয়। পিঙ্গার বলেন, বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে বিদ্যমান সম্পর্ক অত্যন্ত গভীর ও ভ্রাতৃত্বপূর্ণ। প্রতি বছর বাংলাদেশ থেকে সংখ্যা বান্ধয় পত্রের হজ পাঠানের জন্য বন্ধা ও মদিনায় যান। এই ধর্মীয় অভিজ্ঞতা দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা এবং দীর্ঘমেয়াদি বন্ধুত্বপূর্ণ সম্পর্কের আরও শক্তিশালী করে। দেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে সৌদির রইমুদুতকে জানান, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত নব্বিচতমের মাধ্যমে বাংলাদেশের গণতান্ত্রিক অখ্যাতা পুনরায় প্রতিষ্ঠিত হয়েছে। বিপত আওয়ামী সরকারের ১৬ বছরের শাসনামলে দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার বারবার ক্ষুণ্ণ হয়েছে। বৈঠকে তারা দুই দেশের সংসদীয় সম্পর্ক আরও জোরদার করতে সংসদীয় মৈত্রী গ্রুপ গঠনের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া বর্তমান ব্যাখ্যাচ্য সংকটে আমেরিকা ও ইরানের ভূমিকা নিয়ে উভয় পক্ষ মতবিনিময় করেন। বিশেষ করে রোহিঙ্গা সংকটে নিরসনে ওয়াশিং-কে আরও কার্যকরী ও জোরাসো ভূমিকা রাখার প্রস্তাব দেন পিঙ্গকার। সাক্ষ্যে অনুষ্ঠানে সৌদি দুতাবাসের প্রতিনিধিত্ব করেন মজলীস সংসদ সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গৌরনদীতে ইউএনওর বিরুদ্ধে লিগ্যাল

সমস্বয়কারী মো. কাসেম। এসময় উপস্থিত ছিলেন উজ্জেলো এনজিও কমিটির সাধারণ সম্পাদক সুদীপন খিসা, টিএইউও’র নির্বাহী পরিচালক লোকমান হোসেন রাজুসহ অন্যান্য এনজিও নেতৃবৃন্দ। বজারা অভিযোগ করেন, একটি স্বাধীনবেশী মলহ উদ্দেশ্যপ্রণোদিতভাবে ইউএনও মো. ইব্রাহীমের বিরুদ্ধে মিথ্যা লিগ্যাল নোটিশ প্রদান করে তাকে হেয়তিলপূর্ণ করার অপচেষ্টা চালাচ্ছে। তারা বলেন, একজন সং, দক্ষ ও মানবিক প্রশাসনিক কর্মকর্তার ভাবমূর্তি ক্ষুণ্ণন করছে এ ধরনের কর্মকাণ্ড কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বজারা আরও দাবি করেন, মো. ইব্রাহীম গৌরনদীতে দায়িত্ব গ্রহণের পর থেকে উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন, প্রশাসনিক সেবার মানোন্নয়ন এবং সামাজিক-সংস্কৃতিক কর্মকাণ্ডে ইতিবাচক ভূমিকা রেখে আসছেন। তার এই কার্যক্রমে বাধা সৃষ্টি করছেই একটি মলহ পরিকল্পিত ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। রসমাদেশ থেকে অবিলম্বে মিথ্যা অভিযোগ’ প্রত্যাহার এবং সংশ্লিষ্ট এনজিওর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়। ষউল্লেখ্য, গৌরনদী পৌরসভার হোন্ডিং নম্বর প্লেট স্থাপন কাজকে কেন্দ্র করে বেসরকারি সংস্থা টার্গেট পিগলি ফর ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (টিপিডিও)-এর পক্ষ থেকে ইউএনও মো. ইব্রাহীমের বিরুদ্ধে ১৫ লাখ টাকা ক্ষতিপূরণ দাবি করে মিথ্যা একটি লিগ্যাল নোটিশ পাঠানো হয়। অন্যদিকে স্থানীয় জনপ্রতিনিধি, এনজিও নেতৃবৃন্দ ও সাধারণ জনগণের একটি অংশ এ নোটিশকে ষড়যন্ত্রমূলক’ আখ্যা দিয়ে এর প্রতিবাদ জানিয়ে আসছেন।

গৌরনদীতে সাবেক ইউপি

তালুকদার, বরিশাল জেলা পরিষদের প্রমাসক আকম কুন্ডুহুর রহমান, বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্য সচিব মিলারুর রহমান মুকুল বাশা, সিনিয়র সদস্য ও উপজেলা বিএনপির সাবেক আহবায়ক আলহাজ্ব আবুল হোসেন মিয়া, আনোয়ারা প্রি-কাউন্ট স্কুলের অধ্যক্ষ মাসুদা হোসেন, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম রিজ্জের, সাবেক সভাপতি মোঃ গিয়াস উদ্দিন মিয়া, বরিশাল উত্তর জেলা জিএনপির সদস্য উপজেলা পরিষদ মা কাজল, আড়াভাকেট এএসএম মনিরুজ্জামান, রফিকুল বিএনপির আহবায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিশ্বাস, সদস্য সচিব শরীফ জব্বের সাজ্জাত হালান, সিনিয়র যুগ্ম আহবায়ক বরউজ্জামান মিল্টু, পৌর বিএনপির সাবেক সভাপতি এসএম মানিরুজ্জামান দানির, পৌর বিএনপির আহবায়ক জাকির হোসেন শরীফ, ভারপ্রাপ্ত সদস্য সচিব শফিকুল রহমান স্বপন, টরকী বন্দর বনিক সমিতির সভাপতি শরীফ সাহাবুর্ হাসান, সাধারন সম্পাদক বদিউজ্জামান ওফেল, কোষাধ্যক্ষ অলিউল ইসলাম, ডাসার সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ জাকিয়া সুলতানা, প্রভাষক দেলোয়ার হোসেন দুলাল, ডাসার সৈয়দ আতাউর আলী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুদ হাসান সহ বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক দলের নেতৃবৃন্দ।

জুলাই আন্দোলনকারীদের আসামির

যোদ্ধাদের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এবাব কথা বলেন। এসময় তিনি আরও বলেন, আপনারা আমাকে এমপিপের খোটা দেবেন না; এমপিপ চেয়ে আমার কাছে অনেক বড় মর্যাদা হচ্ছে আমি আমার চতুর্থ সন্তানের শহীদ হিসেবে গণ্য। দেশের জন্য তিনি (আমার চতুর্থ সন্তান) আত্মহর কাছে শহীদ হয়েছেন। তাকে খিলগাঁওয়ে দাফন করা হয়েছে। কিন্তু আমার সন্তানের করবর্তি আইডেন্টিফাই করতে দেওয়া হয়নি। আমাকে জানোজা পড়তে দেওয়া হয়নি। ঠিক আজকে জুলাইয়ের অনেক শহীদ আছেন, যাদের করব কোথায় আমরা জানি না। এইভাবে আমি আমার সন্তানের করব কোথায়, তা-ও জানি না। তিনি আরও বলেন, আমরা শহীদ সন্তানের ছবি ছিল আমরা স্ত্রীর ফোনে। সেই ফোনটি ভেঙে ফেলছে আওয়ামী সৈরাচরীরা। তখন তারা বলেছিল, আবেগে দেশ চলে না। এখনো কেউ কেউ বলে, তারো দেশ চলে না। আরো ভাই, তবেসেগের কারোই আমরা ১৬ জুলাই থেকে আগস্ট পর্যন্ত নতুন বাংলাদেশের বিনির্মাণ করতে পেরেছি। শাংদাদ ড. শফিকুল ইসলাম মাদুদ বলেন, আমি সংসদে প্রথমে ৭ মিনিট কথা বলার সুযোগ পেয়েছি, পরে ৯ মিনিট কথা বলার সুযোগ পেয়েছি। এই দুইবার মোট ১৬ মিনিটে প্রত্যেকটি মিনিট, প্রত্যেকটি সেকেন্ড আমি জুলাই শহীদদের এবং গণভোটে বাস্তবায়ন নিয়ে সংসদে কথা বলেছি। তিনি আরও বলেন, গুরুত্রে আমি একটি কথাও আমার এলাকা নিয়ে বলিনি। কারণ আমি

জানি দুর্নীতি, মাদক, সন্ত্রাস, চাঁদাবাড়ি, বণা সেতু যাই বলি না কেন, যদি গণভোটের ভিত্তিতে বাংলাদেশ বিনির্মাণ করা না যায়, তাহলে কোনো শক্তিই এই রাষ্ট্র কাঠামো পরিবর্তন করতে পারবে না। পরবর্তীতে আমি বাউফলবাসীর জন্য এয়ারপোর্ট চেয়েছি, আদালত চেয়েছি, হাসপাতাল চেয়েছি, মাদক নির্মূল চেয়েছি, রাজস্বাট, ব্রিজ, কালভার্ট চেয়েছি। কিন্তু আমার মন কেন যেন বলে, এসব আমাদের যতটা না প্রয়োজন, তার চেয়ে বেশি প্রয়োজন গণভোট বাস্তবায়ন হওয়া।

হাম ও নিউমোনিয়া যুদ্ধে

দেশে অবস্থান করছিলেন। পরিবার সূত্রে জানা যায়, ঈদের এক সপ্তাহ পরে দাদাবাড়ি ফরিদপুর রাজবাড়ী বেড়াতে গেলে শরীরে জ্বর আসে, তখন রাজবাড়ি হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার উন্নতি না হওয়ায় ফরিদপুর জায়েদ মেডিকলেও ৩ দিন চিকিৎসা নেওয়ার পরে মোটামুটি সুস্থ হয়। হঠাৎ গত ১৯ এপ্রিল গুরুতর অসুস্থ হয়ে আয়মানকে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তখন তার শরীরে হাম ও নিউমোনিয়ার সংক্রমণ ধরা পড়ে। দিন যত গড়িয়েছে, ততই অবনতি হতে থাকে তার শারীরিক অবস্থা। এর ৮ দিন পরে ২৭ এপ্রিল উন্নত চিকিৎসার আশায় তাকে ঢাকায় নেওয়া হয়। ২৯ এপ্রিল ডেমরার মাতৃহায়ল এলাকার একটি হাসপাতালে ভর্তি করে পিআইসিইউতে রাখা হয়। চিকিৎসকরা নিবিড় পর্যবেক্ষণে রাখে তিন দিনের চিকিৎসা শুরু করেন। পরিবারও আশায় বুক বেঁধেছিল হসেতো সুস্থ হয়ে আবার মায়ের কোলে ফিরবে ছোট্ট আরমান। কিন্তু সেই আশা আর পূরণ হয়নি। অবস্থার আরও অবনতি হলে ১ মে তাকে মহানগরী ডিএনসিএ হাসপাতালে স্থানান্তর করা হয়। এরপরও থাকারি ভাইবোনের আক্রমণ। ২ মে তাকে লাইফ সাপোর্টে নেওয়া হয়। সবশেষে ৩ মে রাত পৌনে ১২টার দিকে রাজধানীর একটি নবজাতক হাসপাতালে চিকিৎসারীন অবস্থায় ঢাকা যায় ছোট্ট আরমান। প্রায় এক মাস ধরে মৃত্যুর সঙ্গে লড়াই করে অবশেষে হার মানে সে। পরিবারের স্বজনদের ক্ষময়বিদারক আহাজারিতে ভারী হয়ে ওঠে হাসপাতালের পরিষেবা। সারাক্ষি মেগাযোগমাধ্যমে শিশুটির জন্য প্রার্থ্যা চেয়ে একাধিকবার আবেদন জানানো হয়েছিল। কিন্তু সব প্রার্থ্যাকে পেছনে ফেলে চিরাবিদায় নেয় সে। মৃত আরমানের মামা কলেজ শিক্ষক সোহেলে আহমেদ বলেন, হাসপাতালে নিয়মিত বধ শিশু মারা যাচ্ছে কিন্তু মিডিয়ায় ক্লন তথ্য দেওয়া হচ্ছে। আমার ভগ্নানিকে নিয়ে হাসপাতালে থাকা অবস্থায় দেখেছি, প্রতিদিন যে পরিমাণ শিশু হামে মৃত্যুর খবর প্রকাশিত হচ্ছে তার চেয়ে বেশি মারা যাচ্ছে। স্থানীয়রা বলছেন, প্রতিরোধযোগ্য রোগ হাম এখনো এভাবে প্রায় কেড়ে নিচ্ছে এটি অত্যন্ত উদ্বেগজনক। সময়মতো টিকাদান ও সচেতনতা বৃদ্ধি ছাড়া এমন মর্মান্তিক ঘটনা রোধ করা কঠিন বলেও মত তাদের। ছোট্ট আরমানের এই বিদায় নীরব হয়ে গেছে একটি পরিবার, শুদ্ধ হয়ে গেছে একগুচ্ছ দম্প।

বাউফলে যাত্রীবাহী বাস

উপজেলায় বামনকাঠি এলাকার বাসিন্দা। আহতদের মধ্যে অন্তত সাত থেকে আটজনকে গুরুতর অবস্থায় উদ্ধার করে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, পটুয়াখালীর দশমিনা থেকে ছেড়ে আসা ‘বাউফল ট্রাভেলস’ পরিবহনের একটি বাস প্রায় ১৬ জন যাত্রী নিয়ে ঢাকার উদ্দেশে রওনা দেয়। রাত সাড়ে ১১টার দিকে বাসটি আফসার গ্যারেজ এলাকায় পৌছালে হঠাৎ দুলতে শুরু করে এবং একপর্যায়ে সড়কের পাশে খাদে উল্টে পড়ে। আশপাশের লোকজন ঘটনাস্থলে ছুটে গিয়ে উদ্ধার কার্যক্রম শুরু করেন। পরে ফায়ার সার্ভিসের একটি দল উদ্ধার কাজে অংশ নেয়। স্থানীয় বাসিন্দা মো. রায়হান বলেন, ‘হঠাৎ বিকট শব্দ শুনে আমরা বের হয়ে দেখি বাসটি খাদে পড়ে আছে। তখন যাত্রীদের চিৎকার শুনে অন্যদের ডাক দিয়ে উদ্ধার কাজে নেমে পড়ি’। আহত যাত্রী মাহাবুব জানান, চলন্ত অবস্থায় বাসটি আচমকা কীপতে শুরু করে এবং অল্প সময়ের মধ্যেই উল্টে যায়। এতে কয়েকজন যাত্রী বাসের নিচে আটকা পড়তে পারেন বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি। এ বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছেছে এবং উদ্ধার কার্যক্রম চলমান রয়েছে। বাসটি সম্পূর্ণভাবে সরানোর পর হতাহতদের প্রকৃত সংখ্যা জানা যাবে।

ভোলায় ইংরেজি পরীক্ষা খারাপ হওয়ায়

পান। এরপর তিনি ডাক চিকিৎকা দিলে স্থানীয়রা ছুটে এসে পুলিশকে খবর দেন। তৈতির মা সোনিয়া বেগম বলেন, গতকাল তৈতির ইংরেজি পরীক্ষা ছিলো। পরীক্ষা শেষে বাড়িতে এসে জানায় তার পরীক্ষা ভালো হয়নি। এতে সে মানসিকভাবে ভেঙে পড়েন। তৈতির মন খারাপ ছিলো কিন্তু তাদের বুজতে সেন্মনি। এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে পৌছোই উদ্ধার করেছে পুলিশ। পুলিশ স্থানাস করছে, পরীক্ষা ভালে হয়নি বলেই তৈতি আত্মহত্যা করেছে। এ বিষয়ে ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুল ইসলাম জানান, খবর পেয়ে পুলিশের একটি টিম গিয়ে ঘটনাস্থল থেকে শিক্ষার্থীর বুলেট বরদেহ উদ্ধার করে। নিহতের পরিবার ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, পরীক্ষা খারাপ হওয়ায় তৈতি আত্মহত্যা করেছে। পরিবারের কোন অভিযোগ না থাকায় লাশ বিনা মর্যনাতদন্তে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

নগরীতে একদিনের ব্যবধানে

কালেটীর স্কুলের সত্তম শ্রেণির শিক্ষার্থী সৌরভ দাস। জানা গেছে, গত পরেলা মে সাগরদী এলাকা থেকে মুনিয়া আক্তার নিখোঁজ হয়। এর পরেরদিন ২ মে ডাচিথানা এলাকার নিজ বাসা থেকে বাড়িরে বের হয়ে রহস্যজনকভাবে নিখোঁজ হয় সৌরভ দাস। এ ঘটনায় দুই শিক্ষার্থীর অভিভাবক সংশ্লিষ্ট থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। একইজনের ঘটনায় পরিবারগুলো মধ্যে চরম উৎকণ্ঠা বিরাজ করছে। নিকটস্থ নগরবাসীর মধ্যেও উদ্বেগ দেখা পাচ্ছে। দ্রুত শিক্ষার্থীদের সন্ধান ও ঘটনার রহস্য উদ্‌ঘাটনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ভুক্তভোগির পরিবারের সদস্য ও সচেতন নগরবাসী প্রশাসনের প্রতি আহবান জানিয়েছেন। এ পুলিশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা জানিয়েছেন, নিখোঁজদের উদ্ধারপূর্বক নিখোঁজের মূল রহস্য উদ্‌ঘাটনে পুলিশের একাধিক টিম মাত কাঁজ করছে।

বরিশালে ‘কৃষি প্রযুক্তি

উৎপাদন বৃদ্ধি ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে আধুনিক কৃষি প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। কৃষকদের প্রযুক্তিনির্ভর চাব্যাবধে উৎসাহিত করতে পারলে উৎপাদনশীলতা বৃদ্ধগ বৃদ্ধি পাবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশালের উপপরিচালক মোসাম্মত মিরম, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (গ্রি), বরিশালের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মো. আশিক ইকবাল খান, অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) মো. শহিদুল ইসলাম, অতিরিক্ত উপপরিচালক (পীপি) মো. মামুদুর রহমান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা উত্তম জৌমিক এবং বিনা উপকেন্দ্র, বরিশালের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সায়েমা খাতুন। মেলায় কৃষি খাতে আধুনিক প্রযুক্তির বিভিন্ন উজ্জাবন, উচ্চফলনশীল ও পুষ্টিসমৃদ্ধ ফসল উৎপাদনের নতুন পদ্ধতি এবং কৃষকদের জন্য সহায়ক নানা উপকরণ প্রদর্শন করা হয়।

মাঝনদীতে মৃত্যু থেকে

ইঞ্জিন বিকল হয়ে যায়। উত্তাল নদীতে বোটিট নিয়ন্ত্রণরনভাবে ভাসতে থাকায় যাত্রীদের মধ্যে চিন্তা নব্বতেই ছড়িয়ে পড়ে। বোটের একজন যাত্রী তাম্বুকর্ণকে ৯৯৯ নম্বরে কল করে সহায়তা চান। খবর পেয়ে কোস্টগার্ড দক্ষিণ জায়েদ আউটপোস্ট মনপুরার একটি উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌছে মাঝনদী থেকে ডাসমান বোটসহ সব যাত্রীকে ক্ষমত অবস্থায় উদ্ধার করে। কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লফ্‌টেন্যান্ট কমডার সালির আশম সূজন জানান, উদ্ধার যাত্রী ও বোটটিকে নিরাপদ মনপুরার হাজিরবোত সফল্য ঘাটে পৌছে দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, জলেবায় কোটগার্ড সন্যাস নিয়োজিত আছে এবং ভবিষ্যতেও এমন উদ্ধার তৎপরতা অব্যাহত থাকবে।

লক্ষাবীকে হেস্তের জমির

কিন্তু মাসের শেষ ১০ দিনেই আরও ১১৯ মিলিমিটার বৃষ্টিপাতের ফলে বরিশালে এপ্রিলের মোট বৃষ্টিপাতের পরিমাণ দাঁড়ায় ২৫০ মিলিমিটার। অথচ আবহাওয়া বিভাগের হিসাবে এ সময়ে বরিশালে স্বাভাবিক বৃষ্টিপাতের পরিমাণ থাকার কথা ছিল ৯৩ মিলিমিটার। সদ্য সমস্ত রবি মৌসুমে বরিশাল কৃষি অঞ্চলে প্রায় ৪ লাখ হেক্টরে আবাদকৃত বোরো ধান থেকে প্রায় ১৮ লাখ টন চাল কৃষকের হাতে তোলার কথা। ফলে এপ্রিলজুড়ে স্বাভাবিকের তুলনায় ১৬৯ শতাংশ বেশি বৃষ্টিপাতে বরিশাল কৃষি অঞ্চলে ভয়াবহ বিপর্যয়ের আশঙ্কার পাশাপাশি স্বাভাবিক জনজীবনেও বিরূপ প্রভাব পড়ুচ্ছে। এমনকি সারা দেশে এপ্রিলে

স্বাভাবিকের তুলনায় ৭৫ শতাংশ বেশি বৃষ্টি হলেও বরিশালেই দেশের সর্বোচ্চ ১৬৯ শতাংশ বেশি বৃষ্টি হয়েছে। তবে এবারের এই বৃষ্টিপাত বরিশাল কৃষি অঞ্চলের মাঠে থাকা প্রায় ৭১ হাজার হেক্টরের ভরমুজের তেমন বেশি ক্ষতি করতে পারেনি। ১০ এপ্রিল পর্যন্ত মাঠে থাকা ভরমুজের মাত্র ৫ শতাংশ ক্ষতিগ্রস্ত হলেও কৃষকরা ২০ এপ্রিলের মধ্যে সব ভরমুজ বাজারজাত করতে সক্ষম হওয়ায় বড় বিপর্যয় এড়ানো সম্ভব হয়েছে। চলতি বছর বরিশাল কৃষি অঞ্চলে প্রায় ৩৫ লাখ টন তরমুজ উৎপাদিত হয়েছে বলে নাম প্রকাশে অনিচ্ছুক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দায়িত্বশীল সূত্র জানিয়েছে। ফলে মাঠ পর্যায়ের এইবার কৃষকরা প্রায় ১৫ হাজার কোটি টাকার ভরমুজ বিক্রি করতে সক্ষম হয়েছেন বলে একটি হিসাবে বলা হয়েছে। কিন্তু এবার ২০ এপ্রিল পর্যন্ত বৃষ্টিপাতের ব্যাপক ঘাটতিতে বোরো ধানে বাড়তি সেচের প্রয়োজনে ডিজেলের অতিরিক্ত চাহিদা তৈরি হয়, যার সঙ্গে মূল্যবৃদ্ধি যুক্ত হয়ে উৎপাদন ব্যয়ও বেড়ে গেছে। এমনকি প্রথর রোদে তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ৪ ডিগ্রি সেলসিয়াস বেশি থাকায় জমিতে পানি ধরে রাখতে বাড়তি খরচে অতিরিক্ত সেচ দিতে হয়েছে। ফলে এবার বোরো ধানের উৎপাদন ব্যয় সাড়ে ১২শ টাকার ওপরে উঠে গেছে। আর এই মধ্যে এপ্রিলের শেষ সপ্তাহজুড়ে মাঝারি থেকে প্রবল বর্ষণে বিপুল পরিমাণ বোরোসহ প্রায় সব রবি ফসলের জমির এখন পানির নিচে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দায়িত্বশীল সূত্রে মতে, ভাটি এলাকা হওয়ায় এ অঞ্চলে ১৫ মাত্র পর্যন্ত বোরো পানির অগ্রাহত ছিল। ফলে এখন পর্যন্ত বরিশাল অঞ্চলে মাত্র ২০ শতাংশ বোরো ধান কর্তন সম্ভব হয়েছে। আরও প্রায় ১০১৫ শতাংশ পানি ধান মাঠে রয়েছে। প্রায় ২৫ শতাংশ ধান এখন ‘হাউ ডো’ বা শক্ত-পোকা, যা আগামী এক সপ্তাহের মধ্যে কর্তনের উপযোগী হবে। ২৫০০ শতাংশ ধান ‘সফট ডো’ বা দুধ পর্যায়ের রয়েছে। অবশিষ্ট ধান এখনো লাইফ সাপোর্টে নেওয়া হয়। সবশেষে ৩ মে রাত পৌনে ১২টার দিকে রাজধানীর একটি নবজাতক হাসপাতালে চিকিৎসারীন অবস্থায় ঢাকা যায় ছোট্ট আরমান। প্রায় এক মাস ধরে মৃত্যুর সঙ্গে লড়াই করে অবশেষে হার মানে সে। পরিবারের স্বজনদের ক্ষময়বিদারক আহাজারিতে ভারী হয়ে ওঠে হাসপাতালের পরিষেবা। সারাক্ষি মেগাযোগমাধ্যমে শিশুটির জন্য প্রার্থ্যা চেয়ে একাধিকবার আবেদন জানানো হয়েছিল। কিন্তু সব প্রার্থ্যাকে পেছনে ফেলে চিরাবিদায় নেয় সে। মৃত আরমানের মামা কলেজ শিক্ষক সোহেলে আহমেদ বলেন, হাসপাতালে নিয়মিত বধ শিশু মারা যাচ্ছে কিন্তু মিডিয়ায় ক্লন তথ্য দেওয়া হচ্ছে। আমার ভগ্নানিকে নিয়ে হাসপাতালে থাকা অবস্থায় দেখেছি, প্রতিদিন যে পরিমাণ শিশু হামে মৃত্যুর খবর প্রকাশিত হচ্ছে তার চেয়ে বেশি মারা যাচ্ছে। স্থানীয়রা বলছেন, প্রতিরোধযোগ্য রোগ হাম এখনো এভাবে প্রায় কেড়ে নিচ্ছে এটি অত্যন্ত উদ্বেগজনক। সময়মতো টিকাদান ও সচেতনতা বৃদ্ধি ছাড়া এমন মর্মান্তিক ঘটনা রোধ করা কঠিন বলেও মত তাদের। ছোট্ট আরমানের এই বিদায় নীরব হয়ে গেছে একটি পরিবার, শুদ্ধ হয়ে গেছে একগুচ্ছ দম্প।

৭ বছরেও কার্টেন নির্মাণজট

স্বাস্থ্য বিভাগের কাজে হস্তান্তরের প্রক্রিয়া চলছে।’ অন্যদিকে, বরিশাল সিভিল সার্জন এস এম মঞ্জুর-ই-হক বলেন, ‘হাসপাতালটি চালু করতে বিশেষজ্ঞ চিকিৎসক, নার্স ও টেকনোলজিগনসহ প্রায় ৩০০ জন জনবল প্রয়োজন। এর পাশাপাশি ইনকিউবেটর ও লাইফ সাপোর্টসহ প্রয়োজনীয় সরঞ্জামের চাহিদাও পাঠানো হয়েছে। এসব নিশ্চিত করা না গেলে সেবা কার্যক্রম শুরু করা সম্ভ নয়। দীর্ঘদিন ধরে চলা এই স্থবিরতা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন সুশাসনের জন্য নাগরিক (সুজন), বরিশাল-এর সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম। তিনি বলেন, ‘সুজন আর সরঞ্জামের দোহাই দিয়ে গণপূর্ত ও স্বাস্থ্য বিভাগের এই বিশ টানটানি অত্যন্ত দুঃখজনক। এসে বিভাগের কয়েক লাখ শিশুর স্বাস্থ্য সুরক্ষা অনিশ্চিত হয়ে পড়ছে।’ এমন পরিস্থিতিতে বৃহস্পতিবার (৩০ এপ্রিল) হাসপাতালটি পদদর্শন করে দ্রুত চারুর যোগ্য দিয়েছেন বিভাগীয় কমিশনার খলিলুর রহমান। পদদর্শনকালে তিনি বলেন, ‘দীর্ঘ সময় অতিবাহিত হলেও হাসপাতালটি চালু না হওয়া দুঃখজনক। সব জটিলতা নিরসন করে দ্রুত সমসার মেঘে চারুর জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ হচ্ছে।’ উল্লেখ্য, চলতি বছরের জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত হাম উপসর্গ নিয়ে বিভাগের বিভিন্ন হাসপাতাল থেকে চিকিৎসা নিয়েছেও ৩ হাজার ৬৫০ জন। যার মধ্যে মৃত্যুর সংখ্যা ২৪ জন। বিশেষায়িত হাসপাতালটি চালু না হওয়ায় এই বিপুল সংখ্যক শিশুর সঠিক চিকিৎসা সেবা ব্যাহত হচ্ছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

নগরীতে প্রকাশ্যে গুলি চালানো

পালিয়ে থাকা অস্ত্র ব্যবহারকারীরা এলাকায় ফিরে প্রকাশ্যে ঢালাফেরা করায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে রয়েছে। তবে থানা পুলিশ জানিয়েছে, সন্ত্রাসীদের প্রেষণারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। কাউকে ছাড় দেওয়া হবেনা। পুলিশ সূত্রে জানা যায়, গতবছরের ১৭ ডিসেম্বর রাত পৌনে ১১টায় স্থানীয় রিফিউজি কলোনীর বাসিন্দা কসাই ছালামের ছেলে রকি, বারোজিদ্ এবং মোফাজ্জেল কাজীর ছেলে সুজন কাজী তিনিটি পিস্তল উচিয়ে স্থানীয় রুফেল নামে এক যুবককে ধাওয়া করে গুলি ছেড়ে। এও ঘটনার পরের দিন (১৮ ডিসেম্বর) বিরকলে যৌথবাহিনী অভিযান চালালেও কোনো ধরনের অস্ত্র উদ্ধার কিংবা আয়োজ্ঞায় ব্যবহারকারী উদ্ধার প্রেষণার করতে পারেনি। স্থানীয়রা জানান, ঘটনার পর থেকে আজ পর্যন্ত ছালাই ছালামের ছেলে রকি, বারোজিদ্, কামালের ছেলে মাহাবির, মোফাজ্জেল কাজীর ছেলে সুজন, বাবুদের ছেলে রিহায এবং ছিক্রু হোসে সাহিব সকলে এলাকা থেকে পালিয়ে যায়। দীর্ঘ আড়াই মাস পালিয়ে থাকার পর গত ১ মাত্র তারা আবার এলাকায় ফিরে প্রকাশ্যে হাওয়ায় এবং মাদক বেচাকেনা করছে। সামাজিক মাদ্রাসে ছড়িয়ে পড়া ভিডিও চিত্রে দেখা যায়, গতবছরের ১৭ ডিসেম্বর মোটরসাইকেলে করে দুই যুবক প্রকাশ্যে গুলি ছুড়তে ছুড়তে যাচ্ছে। সে সময় সড়কের দুইপাশে দেশীয় অস্ত্র নিয়ে ধাওয়া করছে একদল সন্ত্রাসী। রাত এগারোটায় দিকে রিফিউজি কলোনির সরদার মল্লিকের সামনে এই ঘটনা ঘটে। স্থানীয়দের অভিযোগ, রিফিউজি কলোনি ‘কসাই সালামের’ ছেলে রকি ‘নাক কাটা রুবেলকে’ হাওয়ায় নিয়ে গুলি চালিয়েছে। রকি ও রুবেলের মধ্যে দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলছে। সেই দ্বন্দ্বেরকে কেন্দ্র করে গুলি চালিয়েছে রকি। এ ঘটনার পর থেকে কেউ প্রেষণার উদ্ধার না হওয়ায় স্থানীয়দের মধ্যে এখনো আতঙ্ক বিরাজ করছে। নাম প্রকাশ না করার শর্তে এলাকারবাসী জানান, সংঘটিত আয়োজ্ঞায় দিয়ে গুলির ঘটনার ভিডিও ত্রি ডিঙ্কের মাধ্যমে চলতি বছরের ২১ জানুয়ারী স্থানীয় বাসিন্দারা বরিশাল মহানগর পুলিশ ও ডিবি পুলিশের নিকট সরবরাহ করলেও আজ পর্যন্ত উদ্ধার উদ্ধার কিংবা কোনো সন্ত্রাসীকে প্রেষণার করতে পারেনি।

স্থানীয়রা আরও জানান, ছালাম কসাই নিজেও একজন মাদক ও অস্ত্র ব্যবসায়ী। সে ২০১৮ সালের ৩ জুন বিদেশী পিস্তল ও ইয়াসবায় রায়ের হাতে প্রেষণার হয়। একইভাবে তার ছেলেরাও এলাকায় মাদক ব্যবসা করছে।

কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম বলেন, মাদকের ঘটনা নিয়ে দুইপক্ষের মাঝে ধাওয়া পাশ্চাত্যওয়ার ঘটনা ঘটেছিলো। সেখানে অস্ত্র দিয়ে গোলাগুলির কোনো ঘটনা ঘটেনি, তাদের হাতে দেশীয় অস্ত্র ছিল। ওসি জানান, ঘটনার পর সন্ত্রাসীরা এলাকা ছেড়েছে আত্মপোষক করে। তাদের প্রেষণারে আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

পশ্চিমবঙ্গে বড় জয়ের পথে

ফলতায় নির্বাচনী অপরাধ এবং গণতান্ত্রিক প্রক্রিয়া ভঙ্গের অভিযোগে সমস্ত বিধানসভার ভোট বাতিল করে দিয়েছে নির্বাচন কমিশন। ওই কেন্দ্রে ফের ভোট হবে ২১ মে, গণনা হবে ২৪ মে। তাই সোমবার ফলতা বাদে প্রায় ২৯৩টি আসনের ভোটগণনা চলছে। সোমবার সোমবার থাকেই স্থানীয় সময় সকাল ৮টা (বাংলাদেশ সময় সাড়ে ৮টা) থেকে শুরু হয়েছে গণনা। প্রথমে পোস্টাল ব্যালট এবং পরে ইভিএম-এর কাউন্টিং শুরু হয়েছে। গণনায় দিনের পরদিন মল্লিকের সামনে এই ঘটনা ঘটে। স্থানীয়দের অভিযোগ, রিফিউজি কলোনি ‘কসাই সালামের’ ছেলে রকি ‘নাক কাটা রুবেলকে’ হাওয়ায় নিয়ে গুলি চালিয়েছে। রকি ও

চরফ্যাশনে কালবৈশাখী বড় ও টানা

অনেক কৃষকের পুরো মৌসুমের ফসলই মাটিতে মিশে গেছে। এমন চিত্রই পুরো উপজেলায়। হাজারীগঞ্জ এলাকার কৃষক মো নুরে আলম জানান, এ বছর তিনি ধান, বাদাম, আলু ও তিল চাষ করেছিলেন। মৌসুমের শুরুতে অতিরিক্ত খরার কারণে ফসল ক্ষতিগ্রস্ত হয়। এরই মধ্যে কালবৈশাখীর বৃষ্টিতে তিল ও বাদাম সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। অন্যদিকে ধানখেতে পানি জমে বীজ গভিয়ে পড়েছে, ফলে ব্যাপক লোকসানের মুখে পড়েছেন তিনি। একই এলাকার কৃষক মো আলম বলেন, তিনি প্রায় ১ লাখ ৭০ হাজার টাকা ব্যয়ে ২৪০ শতাংশ জমিতে ধান চাষ করেছেন; কিন্তু ধান পরিপক্ব হওয়ার আগেই বৃষ্টির পানিতে নষ্ট হয়ে যাওয়ায় অন্তত ৮০ হাজার টাকার ক্ষতির আশঙ্কা করছেন তিনি। অন্যদিকে কুলছুমবাগ ৪ নম্বর ওয়ার্ডের কৃষক খোরশেদ আলম ও সিরাজুল হক মাবি জানান, তারা বাদাম, ধান ও আলু চাষ করেছিলেন। ধান কিছুটা ভালো থাকলেও বৃষ্টির পানি জমে আলু ও বাদাম নষ্ট হয়ে গেছে। বাধ্য হয়ে পরিপক্ব হওয়ার আগেই আলু তুলতে হচ্ছে এবং বাদামগাছ জমিতেই রের রয়েছে। কালবৈশাখীর এই তাত্ত্ব শুধু ফসলের ক্ষতিই নয়, অনেক কৃষকের জীবিকা ও ভবিষ্যৎ স্বপ্নকে অনিশ্চয়তার মুখে ঠেলে দিয়েছে। উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ নাজমুল হুদা বলেন, ধান অধিকাংশই শেখে গেছে। এখন ধান পানির নিচে থাকলেও ২-১ দিন পরে পানি সরে যাবে। তিনি কৃষকদের পরামর্শ দিয়ে বলেন, সুযোগ পেলেই যেন তাদের ধান মাঠ থেকে কেটে নিয়ে যায়।

সরপকে ফিরছে ভাণ্ডারিয়া

